**AKASHVANI (Kolkata)**

**Regional News Unit**

**Date : 31-12-24** **Desk in Charge :**

**Time : 7-35 A.M.** **Compiling :**

**Opening Announcement** আকাশবাণী, খবর পড়ছি –

<u>বিশেষ বিশেষ খবরঃ-</u>

১/ ২০২৪-এর আজ শেষ দিন। # ২০২৫-কে স্বাগত জানাতে শহর জুড়ে উৎসবের মেজাজ। # কোনোরকম অপ্রীতিকর ঘটনা রুখতে কড়া ব্যবস্থা নিচ্ছে পুলিশ প্রশাসন।

২/ ইংরেজি নতুন বর্ষ শুরুর প্রাক্কালে অতিরিক্ত যাত্রী ভিড় সামাল দিতে মেট্রো রেল আজ কবি সুভাষ ও দক্ষিণেশ্বরের মধ্যে তিন জোড়া অতিরিক্ত ট্রেন চালাবে।

৩/ রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিক আরিজ আফতাব আজ অবসর নিচ্ছেন।

৪/ আসন্ন গঙ্গাসাগর মেলা উপলক্ষ্যে প্রায় ২০ ঘন্টা চালু থাকবে ভেসেল পরিষেবা । # মেলার দিনগুলিতে শিয়ালদা দক্ষিণ শাখায় চলবে অতিরিক্ত ৭১টি লোকাল ট্রেন।

৫/ কলকাতার শতাব্দী প্রাচীন স্টার থিয়েটারের নাম বদলে হল বিনোদিনী থিয়েটার।

৬/ জাতীয় ফুটবল- সন্তোষ ট্রফির ফাইনালে বাংলা আজ কেরালার মুখোমুখি হচ্ছে।

*******************************************************************

২০২৪-এর আজ শেষ দিন। রাত পোহালেই নতুন বছর। ২০২৫-কে স্বাগত জানাতে শহর জুড়ে উৎসবের মেজাজ। বিভিন্ন রেস্তোঁরা, ক্লাবগুলি সেজে উঠেছে। দিনটি পালনের জন্য নেওয়া হয়েছে বিশেষ প্রস্তুতি। কোনোরকম অপ্রীতিকর ঘটনা রুখতে কলকাতা পুলিশ কড়া ব্যবস্থা নিচ্ছে।

শহরের বিভিন্ন জায়গায় আজ মোতায়েন থাকবে প্রায় সাড়ে চার হাজার পুলিশ কর্মী। এর মধ্যে শুধুমাত্র পার্ক স্ট্রীটেই থাকবে আড়াই হাজার পুলিশ। ওই এলাকাকে একাধিক জোনে ভাগ করা হয়েছে। প্রতিটি জোনে নিরাপত্তার দায়িত্বে থাকছেন উপ নগরপাল পদ মর্যাদার আধিকারিকরা। মহিলাদের নিরাপত্তায় পথে নামছে কলকাতা পুলিশের 'উইনার্স বাহিনী'। আলিপুর চিড়িয়াখানা, ভিক্টোরিয়া মেমোরিয়াল সহ বিভিন্ন পর্যটন স্থলগুলিতে 'সাদা পোষাকে'র পুলিশ মোতায়েন থাকবে। মত্ত অবস্থায় বা বেপোরোয়া হয়ে গাড়ি চালালে অভিযুক্তের বিরুদ্ধে কড়া ব্যবস্থা নেওয়া হবে। শব্দ দৌরাত্ম রুখতেও চলবে নজরদারি।

**********************

ইংরেজি নতুন বর্ষের শুরুর প্রাক্কালে অতিরিক্ত যাত্রী ভিড় সামাল দিতে মেট্রো রেল আজ 'ব্লু লাইনে' তিন জোড়া অতিরিক্ত ট্রেন চালানোর সিদ্ধান্ত নিয়েছে।
দক্ষিণেশ্বর ও কবি সুভাষের মধ্যে চলাচলকারী তিনটি ট্রেন রাত ৯ টা ৪৮, ১০ টা তিন, ও ১০ টা ১৮ মিনিটে ছাড়বে। অন্যদিকে কবি সুভাষ থেকে দক্ষিণেশ্বরের জন্য তিনটি ট্রেন রওনা দেবে রাত ৯ টা ৫৫, ১০ টা ১০ এবং ১০ টা ২৫ মিনিটে।
কবি সুভাষ এবং দক্ষিণেশ্বর থেকে রাত ১০ টা ৪০ মিনিটের 'স্পেশাল ট্রেন' এবং গ্রিন লাইন-এক এবং দুই, পার্পেল এবং অরেঞ্জ লাইনে মেট্রো পরিষেবা অপরিবর্তিত থাকবে।

এদিকে, বর্ষবরণের রাতে যাত্রী সুরক্ষার কথা মাথায় রেখে মেট্রো রেল নিরাপত্তা ব্যবস্থা আরও জোরদার করেছে। কবি সুভাষ-দক্ষিনেশ্বর করিডরের পার্ক স্ট্রিট, এসপ্ল্যানেড, ময়দান, রবীন্দ্রসদন, দমদম ও দক্ষিনেশ্বর স্টেশনে আজ অতিরিক্ত RPF জওয়ান মোতায়েন থাকবে। এসপ্ল্যানেড স্টেশনে যেকোনো পরিস্থিতি মোকাবিলায় থাকবে 'কুইক রেসপন্স টিম'।

মেট্রোর তরফে এক বিবৃতিতে জানানো হয়েছে, মহিলা ও শিশুদের সুরক্ষায় পার্ক স্ট্রিট, এসপ্ল্যানেড, ময়দান স্টেশনে মহিলা RPF আধিকারিক মোতায়েন রাখার পাশাপাশি CCTV-র মাধ্যমে নজরদারি চালানো হবে।

************************

উত্তর পূর্ব সীমান্ত রেল, কোভিডের পূর্বে যে সমস্ত প্যাসেঞ্জার ট্রেনগুলি নিয়মিত নম্বরের সঙ্গে চলাচল করত সেই সমস্ত নম্বরের সঙ্গেই ফের সবগুলি প্যাসেঞ্জার ট্রেন চালানোর সিদ্ধান্ত নিয়েছে।

আগামীকাল থেকে ৬০ জোড়া প্যাসেঞ্জার ট্রেন তাদের পূর্বের ট্রেন নম্বর ও ফ্রিকোয়েন্সি অনুযায়ী চলাচল করবে। এর মধ্যে রয়েছে তিনসুকিয়া ডিভিশন থেকে চার জোড়া, লামডিং ডিভিশন থেকে ১৯ জোড়া, রঙিয়া ডিভিশন থেকে ১০ জোড়া, আলিপুরদুয়ার ডিভিশন থেকে ছয় জোড়া এবং কাটিহার ডিভিশন থেকে ২১ জোড়া ট্রেন।

************************

রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিক আরিজ আফতাব আজ অবসর গ্রহণ করছেন। ২০১৭ সালের ফেব্রুয়ারী মাস থেকে তিনি ওই পদে রয়েছেন। দুটি লোকসভা এবং একটি বিধানসভা নির্বাচন সুষ্ঠ, অবাধ ও শান্তিপূর্ণ ভাবে পরিচালনা করে সব মহলের প্রশংসা কুড়িয়েছেন তিনি।

এদিকে, পরবর্তী নির্বাচনী আধিকারিকের নাম নিয়ে ইতমধ্যেই জল্পনা শুরু হয়েছে। নির্বাচন কমিশনের নিয়ম অনুযায়ী, রাজ্য সরকারের তরফ থেকে ওই পদের জন্য তিনজন IAS আধিকারিকের নাম পাঠাতে হবে। সেই তালিকা থেকেই নির্বাচন কমিশন পরবর্তী মুখ্য নির্বাচনী আধিকারিক কে হবেন, সে বিষয়ে সিদ্ধান্ত নেবে।

************************

'বাংলার বাড়ি' প্রকল্পে রাজ্যের ১২ লক্ষ মানুষের কাছে বরাদ্দ অর্থের ৫০ শতাংশ পৌঁছে গেছে। আবেদনকারী বাকি ১৬ লক্ষ মানুষের কাছে আগামী দেড় বছরের মধ্যে অর্থ পৌঁছে যাবে বলে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি জানিয়েছেন। উত্তর ২৪ পরগনার সন্দেশখালিতে গতকাল ২০ হাজার প্রাপককে বিভিন্ন সরকারি প্রকল্পের সুবিধা প্রদান

কর্মসূচির সূচনা করে তিনি ফের আবাস প্রকল্পে রাজ্যের প্রাপ্য টাকা কেন্দ্র দিচ্ছে না বলে অভিযোগ করেন।

(বাইট- মমতা বাড়ি )

এদিনের সভা মঞ্চ থেকে মুখ্যমন্ত্রী বসিরহাট মহকুমার অধীনে একগুচ্ছ নতুন প্রকল্পের উদ্বোধন ও শিল্যান্যাস করেন। তিনি জানান, ইছামতি নদীর জেটিঘাটগুলির উন্নয়ন হচ্ছে, নদীতে লঞ্চ ও স্পিড বোটের সংখ্যা বাড়ানো হচ্ছে। ধুপখালির বেড়মজুর এক নম্বর ও দুই নম্বর গ্রামপঞ্চায়েতের সংযোগকারী নতুন সেতু তৈরি, সন্দেশখালি গ্রামীণ হাসপাতালের শয্যা সংখ্যা ৩০ থেকে বাড়িয়ে ৬০ করার ঘোষণা করেন তিনি।

এদিকে, গত ১৪ বছরে যে কাজ মুখ্যমন্ত্রী করতে পারেননি, দেড় বছরে তা' কিভাবে সম্ভব সেই প্রশ্ন তুলেছেন সিপিআইমের কেন্দ্রীয় কমিটির সদস্য সুজন চক্রবর্তী।

( বাইট- সুজন )

**********************

বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী আজ সন্দেশখালি সফরে যাচ্ছেন। কলকাতায় গতকাল এক সাংবাদিক বৈঠকে তিনি জানান, মুখ্যমন্ত্রীর সফরের পাল্টা হিসেবেই তাঁর এই কর্মসূচী। সন্দেশখালির বৃহৎ সংখ্যক মানুষ মুখ্যমন্ত্রীর সভায় অনুপস্থিত ছিলেন। যে আট হাজার মানুষ সেখানে উপস্থিত ছিলেন, পুলিশ ও বিডিওরা ভয় এবং প্রলোভন দেখিয়ে তাদের নিয়ে যান বলে শুভেন্দুবাবুর দাবি।

**********************

নকল পাসপোর্টের রমরমা রুখতে রাজ্য সরকার নতুন অ্যাপ আনছে। এই অ্যাপের মাধ্যমে পাসপোর্ট আবেদনকারীর যাবতীয় নথি অনলাইনে যাচাই করা হবে। এরপর একজন পুলিশ কর্মী আবেদনকারীর বাড়িতে গিয়ে সব তথ্য যাচাই করে নিজের ও আবেদনকারীর ছবি অ্যাপে আপলোড করবেন। এর মাধ্যমে খুব সহজেই বোঝা যাবে সংশ্লিষ্ট আবেদীনকারীর পাসপোর্ট ভেরিফিকেশনের ক্ষেত্রে কোন পুলিশকর্মী যুক্ত রয়েছেন। এছাড়াও পাসপোর্টের আবেদনের ক্ষেত্রে জাল আধার কার্ড ব্যবহার করা

হচ্ছে কিনা তাও ওই অ্যাপের মাধ্যমে পরীক্ষা করে দেখা হবে। এজন্য আধার কর্তৃপক্ষের সঙ্গেও চুক্তি হয়েছে।

এদিকে, উত্তর ২৪ পরগণার বাগদা থেকে বাংলাদেশের এক অনুপ্রবেশকারী এবং তার সহযোগী এদেশের এক নাগরিককে পুলিশ গতকাল গ্রেপ্তার করেছে। বাংলাদেশের যশোরের বাসিন্দা মাহবুব হোসেন রাসেল, এদেশে এসে রাহুল মন্ডল নাম নিয়ে বাগদা থানার দুর্গাপুরের বাসিন্দা মাসুদ মন্ডলের ছেলের পরিচয়ে জাল আধার ও ভোটার কার্ড তৈরি করে। ধৃত রাসেল এবং মাসুদকে গতকাল বনগাঁ মহকুমা আদালতে তোলা হলে পাঁচ দিনের পুলিশ হেফাজতে পাঠানো হয়েছে।

**********************

কেরালা থেকে জঙ্গী সন্দেহে ধৃত বাংলাদেশি যুবক মহম্মদ শাব সেখের পিসতুতো ভাইকে'ও জঙ্গী যোগ থাকার অভিযোগে গত রবিবার রাতে মুর্শিদাবাদ থেকে আটক করেছে রাজ্য পুলিশের STF ।
নওদার দুর্লভপুরের বাড়ি থেকে আটক করা হয় সাজিবুল ইসলাম নামে ঐ যুবককে। একইসঙ্গে আটক করা হয় নওদার ভোলা গ্রাম থেকে আরও এক যুবক মুস্তাকিম মণ্ডলকে।

**********************

আসন্ন গঙ্গাসাগর মেলা উপলক্ষ্যে পুণ্যার্থীদের সুবিধার্থে সেখানে ১৮ থেকে ২০ ঘন্টা ভেসেল পরিষেবা চালু থাকবে। প্রস্তুত থাকছে ২১টি জেটি, ৯'টি অত্যাধুনিক বার্জ এবং ৩৫টি ভেসেল। মেলার দিনগুলিতে শিয়ালদা দক্ষিণ শাখায় চলবে অতিরিক্ত ৭১টি লোকাল ট্রেন।

দক্ষিণ ২৪ পরগণার জেলাশাসক সুমিত গুপ্তা গতকাল গঙ্গাসাগর মেলা নিয়ে প্রশাসনিক আধিকারিকদের সঙ্গে বৈঠক করেন। কুয়াশার কারণে দিকনির্ণয় করতে ভেসেলগুলির যাতে অসুবিধা না হয়, সেই উদ্দেশে 'অ্যান্টি ফগ লাইট' এবং ইসরোর অত্যাধুনিক ব্যবস্থা থাকবে বলে বৈঠকে সিদ্ধান্ত হয়েছে। মেলা চলাকালীন বাবুঘাট থেকে কচুবেড়িয়া পর্যন্ত 'কন্যাশ্রী'-দের জন্য থাকছে বাফার জোন। পুণ্যার্থীদের

যাতায়াতের জন্য থাকবে ১৬টি বাফার জোন। তৈরী করা হচ্ছে পাঁচটি অস্থায়ী হাসপাতাল। মেলা উপলক্ষ্যে প্রায় ১২শ’ পুলিশ কর্মী মোতায়েন থাকবে। cctv-র নজরদারির পাশাপাশি খোলা হবে মেগা কন্ট্রোল রুম। আকাশপথে ড্রোন এবং জলপথে স্পীড বোর্ড ও হোভারক্রাফ্‌টের মাধ্যমে নজরদারি চলবে। মুড়িগঙ্গা নদীর নাব্যতা বাড়াতে চলছে ড্রেজিং।

**********************

কলকাতার শতাব্দী প্রাচীন ঐতিহাসিক স্টার থিয়েটারের নাম বদলে হল বিনোদিনী থিয়েটর। বর্তমানে এই প্রেক্ষাগৃহ কলকাতা পুরসভার অধীনে রয়েছে। মুখ্যমন্ত্রীর নির্দেশ মতো গতসন্ধ্যায় পুরসভার তরফে বিজ্ঞপ্তি জারি করে জানানো হয় স্টার থিয়েটার ‘নটী বিনোদিনী’র নামাঙ্কিত হচ্ছে। স্টার নামের ফলক সরিয়ে আপাতত নতুন নামের অস্থায়ী ফলকও বসানো হয়েছে সেখানে।

গতকাল সন্দেশখালির সভা মঞ্চ থেকে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি এই নাম বদলের কথা ঘোষণা করেছেন।

**********************

গড়ফা থানা এলাকায় পূর্বাচল আবাসনের নীচ থেকে গতকাল এক ব্যক্তির রক্তাক্ত দেহ উদ্ধার হয়। সুতীর্থ ঘোষ নামে পেশায় বিমা এজেন্ট বছর ৫৮-র ওই ব্যক্তিকে হাসপাতালে নিয়ে যাওয়া হলে চিকিৎসকরা মৃত বলে ঘোষণা করেন। আট তলা ওই আবাসনের ছাদ থেকে পড়েই তাঁর মৃত্যু হয়েছে বলে প্রাথমিকভাবে মনে করা হচ্ছে।

ফার্ন রোডের বাসিন্দা সুতীর্থ ওই আবাসনে কেন গিয়েছিলেন তা তদন্ত করে দেখা হচ্ছে।

**********************

৩২ বারের চ্যাম্পিয়ন বাংলা আজ জাতীয় ফুটবল সন্তোষ ট্রফির ফাইনালে কেরালার মুখোমুখি হবে। হায়দ্রাবাদের বালাযোগী ষ্টেডিয়ামে খেলা শুরু হবে সন্ধ্যা সাড়ে সাতটায়।

এই নিয়ে বাংলা ৪৭ বার ফাইনালে খেলবে। অন্যদিকে, কেরালা ১৬ বার ফাইনালে উঠে অষ্টমবার ট্রফি জেতার লক্ষ্যে নামবে।

একটি প্রতিবেদন- (ভিসি- অরিজিত দত্ত)

**********************

বছর শেষে জাঁকিয়ে শীত পড়ার পূর্বাভাস থাকলেও কলকাতা সহ দক্ষিণবঙ্গে শীতের আমেজ সেভাবে অনুভূত হচ্ছে না।

কলকাতায় আজ সর্বনিম্ন তাপমাত্রা রেকর্ড করা হয়েছে ১৭ দশমিক ৩'ডিগ্রি সেলসিয়াস, স্বাভাবিকের থেকে যা সাড়ে তিন ডিগ্রি বেশী। সর্বোচ্চ তাপমাত্রা'ও ২৬ ডিগ্রি সেলসিয়াসের বেশী থাকবে বলে আলিপুর আবহাওয়া দপ্তর জানিয়েছে। সকালের দিকে কুয়াশা থাকলেও আকাশ প্রধানত পরিস্কারই থাকবে।

************************************************************